

ফতওয়া নং ৩৮৬

প্রশ্ন:

হযরত, শোনা যায় দুম্বার যে গোস্ত বাড়ে সেটা কি জবাই ছাড়া কেটে খাওয়া যায় জানালে উপকার হত

উত্তর:

প্রশ্নে বর্ণিত নিয়মে গোসত খাওয়া বৈধ হবে না। কোনো পশু শরঈ তরীকায় জবাই না করা পর্যন্ত হালাল হয় না। আবু ওয়াকিদ আল-লাইসী (রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মাদীনায় আসলেন। এখানকার জনগণ জীবিত উটের কুঁজ ও মেষের লেজের গোড়ার গোসত পিন্ডের অংশ কেটে খেত। তিনি বলেন, জীবিত পশুর শরীরের কোন অংশ কেটে আলাদা করা হলে তা মৃত হিসেবেই গণ্য। (জামে' আত-তিরমিজি, হাদিস নং ১৪৮০)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
২৪ যুল ক'দাহ, ১৪৪৫ হিজরী (01/06/2024)